# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা,** বুধবার **১৫ জুন ২০১৬, ১ আষাঢ় ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঢাকা উত্তরের অবকাঠামো উন্নয়নসহ ৭ প্রকল্প একনেকে অনুমোদন

২। সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে জনমত গঠন করুন : ছাত্রলীগের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। দেশের উন্নয়নের গতি অব্যাহত রাখতে সবার দোয়া চাই
: আইনজীবী সমিতির ইফতারে প্রধানমন্ত্রী

৪। অযথা কাউকে হয়রানি নয় : কম্বিং অপারেশন বিষয়ে প্রধানমন্ত্রীর নির্দেশ

৫। চীনের প্রতি বাংলাদেশ থেকে জনশক্তি আমদানির আহ্বান শিল্পমন্ত্রীর

৬। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অসাম্প্রদায়িক দেশ গড়তে চাই : স্বাস্থ্যমন্ত্রী
নিহত পুরোহিত আনন্দ গোপালের বাড়িতে তিন মন্ত্রী

৭। গণমাধ্যমে বস্তুনিষ্ঠ সংবাদ প্রত্যাশা করে সরকার : তথ্যমন্ত্রী

৮। প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় এ বছর থেকে একটি প্রাথমিক সমাপনী পরীক্ষা চালুর চেষ্টা চলছে
: প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

৯। জাতিসংঘের সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনের ভাইস-প্রেসিডেন্ট বাংলাদেশ

১০। রাজধানীতে ঈদুল ফিতরের প্রধান ঈদ জামাত অনুষ্ঠিত হবে
সকাল সাড়ে ৮ টায় জাতীয় ঈদগাহ ময়দানে

১১। দেশব্যাপী সাঁড়াশি অভিযানে চারদিনে ১৪৫ জন জঙ্গিসহ গ্রেফতার ১১ হাজার

চলমান পাতা-২

**১। ঢাকা উত্তরের অবকাঠামো উন্নয়নসহ ৭ প্রকল্প একনেকে অনুমোদন**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন অবকাঠামো উন্নয়নসহ ৭ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৩ হাজার ৩২৬ কোটি ৫০ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ২ হাজার ৯৭১ কোটি ৭৬ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব তহবিল থেকে ৩৫৪ কোটি ৭৪ লাখ টাকা। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে গতকাল ১৪ জুন মঙ্গলবার একনেক সভায় এ অনুমোদন দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। বৈঠক শেষে এ বিষয়ে অবহিত করেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**ভোরের কাগজ (পৃ.৯,ক.২), সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (৯ পৃ.,ক.২)।

**২। সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে জনমত গঠন করুন : ছাত্রলীগের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

ব্যক্তিগত চাওয়া-পাওয়ার ঊর্ধ্বে উঠে দেশের কল্যাণে ছাত্রলীগ নেতাকর্মীদের কাজ করার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে জনমত গঠন করতেও তাদের নির্দেশ দেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, দক্ষিণ এশিয়ার শান্তিপূর্ণ দেশ বাংলাদেশ। আমরা সন্ত্রাস-জঙ্গিবাদকে প্রশ্রয় দেব না। জঙ্গিবাদ কারো মঙ্গল বয়ে আনতে পারে না। গতকাল ১৪ জুন মঙ্গলবার রাতে গণভবনে ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদ ও ১০১টি সাংগঠনিক জেলার শীর্ষ নেতাদের সঙ্গে গণভবনে বৈঠককালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। দেশের উন্নয়নের গতি অব্যাহত রাখতে সবার দোয়া চাই : আইনজীবী সমিতির ইফতারে প্রধানমন্ত্রী**

যুগোপযোগী আইন ছাড়া একটি দেশ এগিয়ে যেতে পারে না বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সরকার পুরানো আইনগুলোকে যুগোপযোগী করে তা পার্লামেন্টে পাস করে যাচ্ছে। তিনি বলেন, চেষ্টা করছি আমাদের বিচারবিভাগ এবং আইনজীবীরা যেন প্রত্যেকেই স্ব-স্ব কর্মস্থলে সুন্দর পরিবেশে কাজ করতে পারেন। তার জন্য যা করণীয় আমরা করে যাচ্ছি। গতকাল ১৪ জুন মঙ্গলবার সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে এ কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি দেশের উন্নয়নের গতি যেন অব্যাহত থাকে সে জন্য সবার কাছে দোয়া চান। সূত্র-**ইনকিলাব (পৃ.১,ক.২) ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬)।

**ভোরের কাগজ, ইনকিলাব, যুগান্তর, সমকাল, নিউ নেশন** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৪। অযথা কাউকে হয়রানি নয় : কম্বিং অপারেশন বিষয়ে প্রধানমন্ত্রীর নির্দেশ**

অযথা কাউকে হয়রানি না করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর নির্দেশের পর গতকাল ১৪ জুন মঙ্গলবার আইজিপিকে ডেকে স্বরাষ্ট্রমন্ত্রী এই নির্দেশ দেন। এ ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, দেশের কোনো মানুষকে যাতে অযথা হয়রানি বা গ্রেফতার করা না হয় সে জন্য নির্দেশ দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী স্বরাষ্ট্রমন্ত্রীকে বলেন, অভিযান চলবে, তবে দেশের কোনো মানুষকে যেন অযথা হয়রানি বা গ্রেফতার না করা হয় সে দিকে খেয়াল রাখবেন। সূত্র-**জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৪)।

**৫। চীনের প্রতি বাংলাদেশ থেকে জনশক্তি আমদানির আহ্বান শিল্পমন্ত্রীর**

বাংলাদেশ থেকে দক্ষ ও আধাদক্ষ জনশক্তি আমদানির জন্য চীনের প্রতি আহ্বান জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, চীনে শ্রমিকের মজুরি ব্যাপক হারে বৃদ্ধির কারণে বাংলাদেশ থেকে শ্রমশক্তি আমদানির সুযোগ রয়েছে। তিনি বাংলাদেশে উন্নতমানের শিল্পপণ্য উৎপাদনের লক্ষ্যে চীনের উন্নত প্রযুক্তি স্থানান্তর এবং মানবসম্পদ প্রশিক্ষণের জন্য যৌথ বিনিয়োগের প্রস্তাব করেন। চীনের ইউনান প্রদেশের গভর্নর চেং হাউ-এর সঙ্গে বৈঠককালে শিল্পমন্ত্রী এ আহ্বান জানান। কুনমিং ইন্টারন্যশনাল হোটেলে এ বৈঠক অনুষ্ঠিত হয়। এ সময়

দু'দেশের উর্ধ্বতন সরকারি কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১০,ক.৬)।

**৬। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অসাম্প্রদায়িক দেশ গড়তে চাই : স্বাস্থ্যমন্ত্রী**
**নিহত পুরোহিত আনন্দ গোপালের বাড়িতে তিন মন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, ১৯৭১ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দেশ স্বাধীন হয়েছে। এখন জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে জঙ্গিবাদীর বিরুদ্ধে সংগ্রাম



করে একটি অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে আমরা দৃঢ় প্রতিজ্ঞ। তিনি বলেন, নিরীহ দরিদ্র পুরোহিত হত্যা করে খুনিরা যে অপরাধ করেছে তার ক্ষমা নেই। অচিরেই গুপ্ত ঘাতকদের দমন করা হবে। এসব খুনিদের দমনে জনগণকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান তিনি। গতকাল ১৪ জুন মঙ্গলবার ঝিনাইদহের করাতিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

এর আগে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন, তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু ঝিনাইদহে নিহত পুরোহিত আনন্দ গোপাল গাঙ্গুলীর বাড়িতে যান ও তার পরিবারের সদস্যদের প্রতি শোক ও সমবেদনা জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (পৃ.১৯,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

**৭। গণমাধ্যমে বস্তুনিষ্ঠ সংবাদ প্রত্যাশা করে সরকার : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু সংসদকে জানিয়েছেন, বর্তমান সরকারের সময়ে সংবাদপত্র ও ইলেক্ট্রনিক গণমাধ্যম পূর্ণ স্বাধীনতা ভোগ করছে। তথ্যমন্ত্রী বলেন, সব গণমাধ্যম বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ করবে। সরকার সবসময় এমনটাই আশা করে থাকে। তিনি জানান, দেশে বর্তমানে ১ হাজার ৭৮টি দৈনিক পত্রিকা রয়েছে। এর মধ্যে ৭৩টির মালিক নিজেই সম্পাদকের কাজ করে। এছাড়া এক হাজার পাঁচটি পত্রিকার প্রকাশক ও সম্পাদক একই ব্যক্তি। গতকাল ১৪ জুন মঙ্গলবার সংসদে উপস্থাপিত প্রশ্নোত্তরে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৭,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

**৮। প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় এ বছর থেকে একটি প্রাথমিক সমাপনী পরীক্ষা চালুর চেষ্টা চলছে**
**: প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী**

চলতি বছর থেকেই প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় একটা সমাপনী পরীক্ষা নেওয়ার প্রক্রিয়া চালুর চেষ্টা চলছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার। পঞ্চম শ্রেণিতে সমাপনী পরীক্ষা হওয়া না হওয়া নিয়ে যে আন্দোলন চলছে এর পরিপ্রেক্ষিতে সিনেট ভবনে গতকাল ১৪ জুন মঙ্গলবার এক সেমিনার শেষে তিনি এ কথা জানান। স্বেচ্ছাসেবী সংগঠন জার্নির সহযোগিতায় 'অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা ও বাস্তবতা' শীর্ষক এ সেমিনারের আয়োজন করে প্রাথমিক শিক্ষা অধিদফতর। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২)।

**৯। জাতিসংঘের সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনের ভাইস-প্রেসিডেন্ট বাংলাদেশ**

জাতিসংঘে সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনের ভাইস-প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে বাংলাদেশ। গত ১৩ জুন সোমবার নিউ ইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে বাংলাদেশসহ মোট ২১টি দেশকে বিভিন্ন আঞ্চলিক গ্রুপ থেকে আগামী অধিবেশনের জন্য ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত করা হয়। নির্বাচিত এই প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্টরা আসন্ন সাধারণ অধিবেশনের বিভিন্ন সেশন পরিচালনা করবেন। বাংলাদেশ আগামী অধিবেশনে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রতিনিধিত্ব করবে। সুত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.১),
**ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

**১০। রাজধানীতে ঈদুল ফিতরের প্রধান ঈদ জামাত অনুষ্ঠিত হবে**
**সকাল সাড়ে ৮ টায় জাতীয় ঈদগাহ ময়দানে**

রাজধানীতে ঈদুল ফিতরের প্রধান জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে ৮টায় হাইকোর্ট প্রাঙ্গণে জাতীয় ঈদগাহ

ময়দানে। আবহাওয়া প্রতিকূল বা অন্য কোনো অনিবার্য কারণে এ জামাত অনুষ্ঠান সম্ভব না হলে জামাত সকাল ৯টায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে হবে। গতকাল ১৪ জুন মঙ্গলবার ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয়ের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। আসন্ন পবিত্র ঈদুল ফিতর উদ্‌যাপনের জন্য সরকারি কর্মসূচি নির্ধারণকল্পে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মো. আবদুল জলিল। **সংবাদ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৪)।

**১১। দেশব্যাপী সাঁড়াশি অভিযানে চারদিনে ১৪৫ জন জঙ্গিসহ গ্রেফতার ১১ হাজার**

দেশব্যাপী জঙ্গিবিরোধী অভিযানে গত ২৪ ঘন্টায় মোট ২৬ জঙ্গিকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে ১২ জন জেএমবি, ৫ জন হিজবুত তাহরীর, ১ জন আল্লাহর দল, ১ জন হুজি এবং ৭ জন অন্যান্য জঙ্গি সংগঠনের সদস্য। রাজধানীতে আনসারুল্লাহ বাংলা টিমের ২ সদস্যকে গ্রেফতার করা হয়েছে। গত ১০ জুন শুক্রবার সকাল থেকে গতকাল ১৪ জুন মঙ্গলবার পর্যন্ত অভিযানে মোট ১৪৫ জন জঙ্গি গ্রেফতার ও গ্রেফতারি পরোয়ানাসহ



অন্যান্য মামলায় মোট ১১ হাজার ৩০৭ জনকে গ্রেফতার করা হয়েছে। তাদের পুলিশ হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। **সূত্র-সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** কারাবন্দী আসামীদের অসুস্থতা ও চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে কারা কর্তৃপক্ষের স্বচ্ছ পদক্ষেপ গ্রহণের প্রয়োজন বলে মত প্রকাশ।

খ. **ইত্তেফাক :** পবিত্র মক্কার কাবা শরিফ ও মদিনার মসজিদে নববী রক্ষায় প্রয়োজনে বাংলাদেশ সেনাবাহিনীকে পাঠানো হবে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সৌদি আরব সফরকালে সৌদি সরকারকে দেওয়া এ প্রতিশ্রুতিকে স্বাগত জানিয়ে এর মাধ্যমে আল্লাহর রহমত ও বরকতের দুয়ার খুলে যাবে আমাদের দেশের জন্য বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সংবাদ :** পঞ্চম শ্রেণীতে এ বছর প্রাথমিক সমাপনী পরীক্ষা নেওয়া হবে কিনা সে বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের উদ্বেগের অবসান ঘটানোর সুপারিশ।

ঘ. **সমকাল :** কৃষকদের কাছ থেকে ন্যায্যমূল্যে ধান-চাল সংগ্রহের সময় কিছু লোকের টোকেন বাণিজ্যের মাধ্যমে সরকারের অর্থ লোপাট করা কোনোভাবেই গ্রহণযোগ্য নয় উল্লেখ করে অবিলম্বে এর সাথে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব :** বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের তালিকায় স্থাবর-অস্থাবর মিলিয়ে দেশে সাড়ে তিন লাখ ওয়াকফ এস্টেটের মধ্যে তিন লাখ ২৯ হাজারই বেদখল হয়ে যাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে এসব ওয়াকফ সম্পত্তি পুনরুদ্ধারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

চ. **ডেইলি স্টার, নিউ নেশন :** ত্রুটিপূর্ণ গ্যাস সিলিন্ডার ও নিম্নমানের সামগ্রী দিয়ে তৈরি গ্যাস সিলিন্ডার বিস্ফোরিত হয়, দুর্ঘটনা ঘটার পূর্বেই সিএনজি চালিত যানবাহনের ফিটনেস পরীক্ষা করাসহ আমদানিকৃত সিএনজি সিলিন্ডারের মান পরীক্ষা করার ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** শহর থেকে গ্রাম সর্বত্র ফেনসিডিল, হেরোইন, ইয়াবাসহ অন্যান্য নেশাজাতীয় দ্রব্য সহজলভ্য হয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে নেশার আগ্রাসন থেকে যুব সমাজকে সুরক্ষায় সমাজে এ বিষয়ে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার আহ্বান।

জ. **ডেইলি সান :** দেশের অর্থনীতির স্বার্থে নকল মুদ্রা ব্যবহারকারী দলকে প্রতিরোধ করতে শপিংমল ও মার্কেটে ব্যাপক সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** খাদ্যে ভেজাল প্রতিরোধে মোবাইল কোর্টের অভিযান অব্যাহত রাখাসহ ভেজালকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার আহ্বান।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** দেশের অনেক স্বচ্ছল কৃষকের আয় করযোগ্য আয়ের সীমার চেয়ে বেশি হওয়ায় এসব কৃষকদের করের আওতায় আনার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে জঙ্গি দমনে দেশব্যাপী সাঁড়াশি অভিযানে যুক্তিসংগত সন্দেহ ব্যতীত কোনো ব্যক্তিকেই যেন আটক করা না হয় এ বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে সচেতন থাকতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বন্ধ হোক শিশুশ্রম : শিক্ষার আলোয় ভরে উঠুক শিশুর জীবন'** শিরোনামের নিবন্ধে মুসাহিদ উদ্দিন আহমদ শিশুদের লেখা-পড়া, খাদ্য, স্বাস্থ্য ও মেধা বিকাশের জন্য অনুকূল পরিবেশ গড়ে তুলতে সক্ষম হলে দেশের দারিদ্র্যবিমোচনসহ উন্নয়নের ধারাকে দ্রুত বিকশিত করার সহায়ক শক্তি হিসাবে কাজে লাগানো সম্ভব হতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা